

“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো যর্ষাদা ও নৈতিকতা”

Mr. Khorsheed Ph upbad

M.A.H.
19.6.2022



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd



জুন/২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
তারিখ : ০৮/০৬/২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ টা
সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

০২। বিগত মে/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়ে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১। প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম:

১.১ APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত:

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের এপিএ/এনআইএস লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শাখাভিত্তিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। এপর্যন্ত মার্চ/২২ লক্ষ্যমাত্রা সন্তোষজনক মর্মে তিনি জানান। ২০২২-২৩ অর্থ বছরের চূড়ান্ত এপিএ/এনআইএস মন্ত্রণালয়ের প্রেরণ করা হবে।

সিদ্ধান্ত-১.১: APA/NIS এর কর্মসম্পাদন সূচক হিসেবে লক্ষ্যমাত্রা অর্জন এবং মূল্যায়নে সংশ্লিষ্টদের সচেতন করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিটি সভা আহবান করে লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে মূল্যায়ন করবে।

বাস্তবায়নে: পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS)।

১.২ জনবল নিয়োগ সংক্রান্ত:

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, বিএমইটি প্রধান কার্যালয়ে কম্পিউটার পার্সোনেল এর ৫ ক্যাটাগরির পদে মোট ১৪টি পদে জনবল নিয়োগে কোনো জটিলতা নেই। এ বিষয়ে নিয়োগ দেওয়া যেতে পারে। তিনি আরও জানান যে, বিএমইটির অধিভুক্ত টিটিসি/আইএমটি, জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিসসহ অন্যান্য অফিসে মোট মঞ্জুরীকৃত পদের সংখ্যা ৫৩২৪টি। এর মধ্যে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য পদ সংখ্যা ২০০টি। ১১-২০তম গ্রেডের মঞ্জুরীকৃত পদ ২৬৭৪টি, যার মধ্যে মধ্যে পূরণকৃত পদ ১৪৫৩ এবং শূণ্য পদ ১৪২১টি। ১১-২০তম গ্রেডের ১৪২১টি শূণ্য পদের মধ্যে আত্মীকরণ ও ১০% সংরক্ষণ হিসেবে মোট ১৫৮টি পদ সংরক্ষণ করতে হবে। ০৫টি রীট মামলায় ১৪৪ টি পদ আত্মীকরণ করার প্রয়োজন হবে। বর্তমানে ১০৭৬ টি পদে জনবল নিয়োগ করা যাবে। তিনি উক্ত পদে নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মঞ্জুরি প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। সিদ্ধান্ত-১.২(ক): ১০৭৬ টি শূণ্যপদে গ্রেড ভিত্তিক আলাদা নিয়োগ/২-৪টি গ্রেড একত্রিত করে নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্র পাওয়ার পর নিয়োগের জন্য ডিপিএস সভা আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ)।

সিদ্ধান্ত-১.২ (খ): কম্পিউটার পার্সোনেল এর ১৪টি পদে জনবল নিয়োগের জন্য অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি।

১.৩ PDS বাস্তবায়ন সংক্রান্ত :

সভায় উপপরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, STEP এর সহায়তায় Leads Corporation কর্তৃক Human Resoures Development Software মডিউল Enhancement অনুযায়ী PDS এ ডাটা আপলোড প্রায় শেষ পর্যায়ে। এখনও যারা ডাটা আপলোড করেননি তাদেরকে অবগত করা হয়েছে।

সিদ্ধান্ত -১.৩: PDS এ সেসকল প্রতিষ্ঠান এখনও ডাটা আপলোড করেন নাই তাদের দ্রুত শেষ করার তাগিদ দেওয়ার সিদ্ধান্ত হয়।

বাস্তবায়নে: উপপরিচালক (প্রশাসন ও অর্থ)।

M.A.H.

